

# গোপালগঞ্জে হামলার প্রতিবাদে কুবি শিক্ষার্থীদের তাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ

মোহাম্মদ জোবাইর হোসাইন, কুমিল্লা বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ১৯:২৭, ১৬ জুলাই ২০২৫; আপডেট: ১৯:৩৫, ১৬ জুলাই ২০২৫



×

গোপালগঞ্জে জাতীয় নাগরিক পার্টির 'জুলাই পদযাত্রা' কর্মসূচিতে হামলার প্রতিবাদে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করেছে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) শিক্ষার্থীরা। বুধবার (১৬ জুলাই) বিকেল ৫টা থেকে ৩০ মিনিট পর্যন্ত ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কোটবাড়ি বিশ্বরোড অবরোধ করে রাখেন শিক্ষার্থীরা। পরে নাহিদ ইসলামের নির্দেশে ব্লকেড তুলে নেওয়া হয়।

ব্লকেডে শিক্ষার্থীরা, 'গোপালগঞ্জে হামলা কেন, জেগেছে রে জেগেছে, ছাত্রসমাজ জেগেছে, লেগেছে রে লেগেছে, রক্তে আগুন লেগেছে, গোপালগঞ্জে হামলা কেন? প্রশাসন জবাব চাই', 'গোপালগঞ্জের গোলাপি, আর কতকাল জ্বালাবি, একটা একটা লীগ ধর, ধইরা ধরইরা জেলে ভর, ভারত যাদের মামার বাড়ি, বাংলা ছাড়া তাড়াতাড়ি, ষড়যন্ত্র হয়নি শেষ, সজাগ থাকো বাংলাদেশ, কথায় কথায় বাংলা ছাড়, বাংলা কি তোর বাপ-দাদার' ইত্যাদি স্লোগান দিতে থাকেন।

প্রসঙ্গত, গোপালগঞ্জে জাতীয় নাগরিক পার্টির 'জুলাই পদযাত্রা'য় নাগরিক পার্টির নেতাকর্মীর ওপর আওয়ামী লীগ-ছাত্রলীগ হামলা করে।

---